

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৭৮

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-আনফাল

بَابِ وَمِنْ سُورَةِ الْأَنْفَالِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ عَاصِمٍ بْنِ بَهْدَلَةَ، عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ، عَنْ أَبِيهِ، قَالَ لَمَّا كَانَ يَوْمُ بَدْرٍ جِئْتُ بِسَيْفٍ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ قَدْ شَفَى صَدْرِي مِنَ الْمُشْرِكِينَ أَوْ نَحْوَ هَذَا هَبْ لِي هَذَا السَّيْفَ. فَقَالَ " هَذَا لَيْسَ لِي وَلاَ لَكَ ". فَقُلْتُ عَسَى أَنْ يُعْطَى هَذَا مَنْ لاَ يُبْلِي بَلاَئِي فَجَاءِنِي الرَّسُولُ فَقَالَ " إِنَّكَ سَأَلْتَنِي وَلَيْسَ لِي وَلاَ لَكَ ". لَي وَقَدْ صَارَ لِي وَهُوَ لَكَ ". قَالَ فَنَزَلَتْ : (يَسْأَلُونَكَ عَنِ الأَنْفَالِ) الآيَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَاهُ سِمَاكُ بْنُ حَرْبٍ عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ أَيْضًا . وَفِي الْبَابِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ .

বাংলা

৩০৭৮. আবৃ কুরায়ব (রহঃ) মুসআব ইবন সা'দ তার পিতা সা'দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ বদর যুদ্ধের দিন আমি একটি তলোয়ার নিয়ে এলাম। বললামঃ ইয়া রাসূলাল্লাহ্! আল্লাহ্ আ'আলা মুশরিকের ব্যাপারে (তাদের পরাজিত করে) আমার হৃদয়কে শান্তি দান করেছেন। অথবা এরূপ কিছু বললেন। আপনি আমাকে এই তলোয়ারটি দিয়ে দিন। তিনি বললেনঃ এটা তো আমারও নয় তোমারও নয়। আমি বললামঃ আমার আশংকা হয় এটি এমন কাউকে দেওয়া হবে, যে আমার মত পরীক্ষার সম্মুখীন হতে পারবে না। পরে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে এসে বললেনঃ তুমি এটি আমার কাছে চেয়েছিলে। তখন তো এটি আমার অধিকার ভূক্ত ছিল না। এখন এটি আমার হয়ে গেছে। সুতরাং এটি তোমাকে দিলাম। তখন এই আয়াত নাযিল হয়ঃ (يَسْأَلُونَكَ عَنِ الْأَنْفَالِ) 🗈

হাসান সহীহ, সহীহ আবু দাউদ ২৭৪৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৭৯ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। সিমাক (রহঃ)-ও এটি মুসআব ইবন সা'দ রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। এই বিষয়ে উবাদা সামিত রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।



English

Narrated Mus'ab bin Sa'd:

from his father who said: "On the Day of Badr I brought a sword so I said: 'O Messenger of Allah! Indeed Allah has satisfied my breast (i.e. my desire) on the idolaters - or something like that - give me this sword.' So he said: 'This is not for me, nor is it for you.' I said: 'Perhaps he will give this to someone who did not go through some struggle I went through (fighting).' So the Messenger of Allah ((**)) came to me [and he said:] 'You asked me, but it was not up to me. But now it has occurred that it is up to me, so it is yours.'" He said: "So (the following) was revealed: They ask you about the spoils of war (8:1)."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন